



# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-৬৪

### পবিত্র ইদে মিলাদুন্নবী (সা.) উপলক্ষ্যে আরএমপি'র নিষেধাজ্ঞা

রাজশাহী; ২১ আশ্বিন (০৬ অক্টোবর):

আগামী ৯ অক্টোবর, ১২ রবিউল আউয়াল ১৪৪৪ হিজরি রবিবার পবিত্র ইদে মিলাদুন্নবী-(সা.) ধর্মীয় ভাবগাম্ভীর্যের মধ্য দিয়ে উদ্‌যাপিত হবে। দিনটি উপলক্ষ্যে রাজশাহী মহানগর এলাকায় জুশনে জুলুশ (শোভাযাত্রা), মিলাদ-ওয়াজ মাহফিল ও ধর্মীয় সভাসহ বিভিন্ন ধরনের অনুষ্ঠান অনুষ্ঠিত হয়ে থাকে।

পবিত্র ইদে মিলাদুন্নবী (সা.) শান্তিপূর্ণভাবে উদ্‌যাপনের লক্ষ্যে এবং মহানগর এলাকার শান্তি-শৃঙ্খলা রক্ষার নিমিত্তে নিষেধাজ্ঞা আরোপ করেছে রাজশাহী মেট্রোপলিটন পুলিশ (আরএমপি)।

দিবসটি উপলক্ষ্যে রাজশাহী মহানগরী পুলিশ আইন-১৯৯২ এর ২৬ এর ১(ঢ); ২৯ এর ১(ক), (খ) ও ৩৩(গ) ধারার অর্পিত ক্ষমতাবলে রাজশাহী মহানগর এলাকায় আগামী ৯ অক্টোবর ২০২২ খ্রি. সকল ধরনের আতশবাজি, পটকা ফুটানোসহ অন্যান্য ক্ষতিকর দ্রব্য ব্যবহার, অস্ত্রশস্ত্র, তলোয়ার, বর্শা, বন্দুক, ছোরা বা লাঠি ও বিস্ফোরক দ্রব্য বহন ও ব্যবহার এবং উচ্চস্বরে মাইক বাজানো নিষিদ্ধ ঘোষণা করা হয়েছে।

আইন অমান্যকারীদের বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে বলে আরএমপি'র কমিশনার মো: আবু কালাম সিদ্দিক স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এই নিষেধাজ্ঞা জারি করা হয়। ##

.....  
সিকান্দার/রোকন/হালিম/২০২২/১৫.৩০ঘ.